২৭

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 1-1 1999

পৃষ্ঠা ২৮ কলাম ৮

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ
শিক্ষাভবন, ঢাকা।

# প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিশু ভর্তির বিজ্ঞপ্তি

আগামী ২০০৫ সালের মধ্যে দেশকে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে সরকার দেশে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করণসহ দেশের প্রায় সকল গ্রামে স্কুল প্রতিষ্ঠা, বিনামূল্যে পাঠ্যবই সরবরাহ, শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর মতো পদক্ষেপ গ্রহণ করেছে। এসব কর্মসূচীর প্রধান উদ্দেশ্য হচ্ছে-

ক) ৬-১০ বছর বয়সের সকল শিশুকে স্কুলে ভর্তিকরণ।
খ) ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীর স্কুলে নিয়মিত উপস্থিতি।
গ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ঝরেপড়া রোধ।
ঘ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর প্রাথমিক শিক্ষার পাঁচ বছরের চক্র সমাপন।

শিক্ষার কোন বিকল্প যেমন নেই, তেমনি শিক্ষা ছাড়া দেশ সমাজ বা ব্যক্তি জীবনে কোন উন্নতি সম্ভব নয়। দেশের সার্বিক উন্নয়নের প্রথম শর্তই হচ্ছে জাতির শিক্ষিত হওয়া। এ ক্ষেত্রে সকলের সম্পৃক্ততাও অপরিহার্য।

তাই ১৯৯৯ সনের জানুয়ারী মাসেই আপনার স্কুলে গমনোপযোগী সকল শিশুকে নিকটবর্তী স্কুলে ভর্তি করিয়ে দিন। লক্ষ্য রাখবেন-আপনার শিশু যেন নিয়মিত স্কুলে যায়, রীতিমত পড়াশুনা করে, ত্রৈমাসিক পরীক্ষাসহ বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করে। শিশুর স্বাস্থ্যের প্রতিও লক্ষ্য রাখুন। মনে রাখবেন- আপনার শিশুই দেশের ভবিষ্যৎ। শিশু শিক্ষিত হলে আপনার সংসারে আয়-উন্নতিও বাড়বে।

ডিএফপি-২৭২৮৪-২৮/১২ (ডঃ মোঃ আনোয়ারুল হক)
স-৪৬১১ (৫X২) মহাপরিচালক।